
দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 19 MAR 2017 ...
পৃষ্ঠা ... কলাম ...



কচুয়া (চাঁদপুর) : মনোহরপুর উচ্চ বিদ্যালয় ভবন —ইত্তেফাক

# উন্নয়ন ও লেখাপড়ায় এগিয়ে চলছে মনোহরপুর উচ্চ বিদ্যালয়

■ আবুল হোসেন, কচুয়া (চাঁদপুর) সংবাদদাতা

কচুয়া উপজেলার মনোহরপুর উচ্চ বিদ্যালয়টি অভূতপূর্ব সাফল্য লাভ করছে। এ পর্যন্ত বিদ্যালয়ের অবকাঠামো উন্নয়ন করা হয়েছে। নিয়োগ করা হয়েছে দক্ষ শিক্ষকমন্ডলী, দায়িত্ব কর্তব্য পালনে বিভিন্নভাবে শিক্ষকদেরকে উৎসাহিত করা, ছাত্র-ছাত্রীদের জন্য বিশুদ্ধ খাবার পানি সরবরাহের জন্য টিউবওয়েল স্থাপন, পাঁচটি স্বাস্থ্যসম্মত টয়লেট নির্মাণ, ঝুঁকিপূর্ণ বৈদ্যুতিক লাইন সংস্কার করে প্রতি শ্রেণিকক্ষে বৈদ্যুতিক পাখার ব্যবস্থা, ঝুঁকিপূর্ণ একাডেমিক ভবনের সংস্কার ও সৌন্দর্যবর্ধন, বিদ্যালয়ের সীমানা প্রাচীর নির্মাণ, বিদ্যালয় মাঠের উঁচু-নিচু সমতল করে ছাত্র-ছাত্রীদের খেলাধুলার উপযোগীকরণ করা হয়েছে। এ সকল উন্নয়নের জন্য বিদ্যালয়ের তহবিলের পাশাপাশি ম্যানেজিং কমিটির সভাপতি আলহাজ মোঃ খোরশেদ আলমের (মান্নান) নিজস্ব তহবিল হতেও অর্থ ব্যয় করা হয়েছে।

এছাড়াও কম্পিউটার, বিভিন্ন খেলার সরঞ্জামাদি, শহীদ মিনার স্থাপন, প্রতি বছর শিক্ষার্থীদের মাঝে প্রয়োজনীয় বই বিতরণ, সকল শিক্ষার্থীদের সেলাইসহ স্কুল ড্রেস প্রদান ও বৃত্তি প্রদান, প্রতি বছর দরিদ্র এসএসসি পরীক্ষার্থীদের ফরম ফিলাপের ব্যবস্থা করা, নাইটগার্ড ও পিয়নের পোশাকের ব্যবস্থা, বিদ্যালয়ের বার্ষিক পুরস্কার বিতরণসহ বিভিন্ন জাতীয় অনুষ্ঠানাদি পালন করা হয়েছে। যার ফলে বিদ্যালয়ের ভালো ফলাফল উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে।

এ ব্যাপারে বিদ্যালয়ের সভাপতি আলহাজ মোঃ খোরশেদ আলম (মান্নান) জানান, এ বিদ্যালয়টিকে দেশের একটি আদর্শ বিদ্যাপীঠ হিসেবে প্রতিষ্ঠা করার স্বপ্ন লালন করে কর্মকাণ্ড পরিচালনা করে আসছি।

কিন্তু কতিপয় স্বার্থলোভী ও ঈর্ষান্বিত ব্যক্তি আমাদের পরিচালনা পর্ষদের সদস্যদেরকে নিয়ে অপপ্রচারে লিপ্ত হয়েছেন। আমি তাদের এ অপপ্রচারে কর্ণপাত না করে শিক্ষা বিস্তার তথা বিদ্যালয়ের উন্নয়নে আমার উপর অর্পিত দায়িত্ব কর্তব্য নিষ্ঠার সাথে পালন করার দৃঢ় আস্থা ব্যক্ত করছি।